# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২৯৮) কর্মক্ষেত্রে কর্মচারীর জন্য কোনটি উত্তম- আযান শোনার সাথে সাথে নামাযে যাওয়া? নাকি কিছুটা অপেক্ষা করে কিছু কাজ সম্পাদন করে নামায আদায় করা। আর সুন্নাতে মুআক্কাদা ছাড়া অন্যান্য নফল নামায পড়ার ক্ষেত্রে তার বিধান কি?

সমস্ত মুসলমানের জন্য উত্তম হচ্ছে, আযান শোনার সাথে সাথে নামাযে যাওয়া। কেননা মুআয্যিন আহবান করেন, ‘হাইয়্যা আলাছ্ছালাহ’ এসো নামাযের দিকে। কোন ধরণের গড়িমসি বা দেরী করলে হয়েতো নামাযটাই ছুটে যাবে। তাই যত দ্রুত সম্ভব আযান শোনার সাথে সাথে মসজিদের পানে ছুটে যাওয়া।

কিন্তু সুন্নাতে মুআক্কাদা ছাড়া অন্যান্য নফল নামায পড়া উক্ত কর্মচারীর জন্য উচিৎ হবে না। কেননা চাকরীর চুক্তির ভিত্তিতে এই সময়টুকুর পাওনাদার হচ্ছে কর্তৃপক্ষ। তবে সুন্নাতে মুআক্কাদা আদায় করতে কোন অসুবিধা নেই। কেননা দায়িত্বশীলদের পক্ষ থেকে সাধারণতঃ এর অনুমতি থেকেই থাকে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=828

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন